জরুরী ভিত্তিতে কভিড-১৯ এ ১৪ এপ্রিল ২০২০ইং তারিখে তথ্য আপডেট হয়েছে।

জরুরী ভিত্তিতে কভিড-১৯ এ ১৪ এপ্রিল ২০২০ইং
তারিখে তথ্য আপডেট হয়েছে।

৩ মে পর্যন্ত সকল ভ্রমণ সীমাবদ্ধ এবং সমস্ত অপ্রয়োজনীয় শিল্প ও বাণিজ্যিক উৎপাদন কার্যক্রম স্থগিত রয়েছে। জরুরী স্বাস্থ্য অবস্থায় অর্থনৈতিক মন্দা মোকাবেলায় পরিবার ও ব্যবসায়ীকদের সহায়তা করার জন্য বিভিন্ন ব্যবস্থা নেওয়া হয়েছে।

এখানে আপনি "কুরা ইতালিয়া" ডিক্রি'র সংক্ষিপ্তসারে জানতে পারেন - সরকার প্রধান জরুরী স্বাস্থ্য পরিস্থিতিতে বর্তমান সংকট মোকাবিলায় সহায়তা করে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছেন - ইংরেজী, ফরাসী, স্পেনীয়, আরবী, চীনা, রাশিয়ান, ফার্সি এবং অন্যান্য জরুরী তথ্যের আপডেট পেতে নিচের লিংকে ভিজিট করুন: http://www.integrazionemigranti.gov.it/Attualita/Approfondimenti/Pagine/--Emergenza-Coronavirus,-informazioni-utili-per-i-migranti.aspx

এটি প্রত্যেকের জন্য একটি খারাপ সময়, সাহায্য চাইতে কোনো মানা নেই।
যদি আপনি আপনার পরিবারের প্রাথমিক প্রয়োজন গুলি পূরণ করতে অক্ষম হন তবে আপনি যে পৌরসভার (comune) অধিনে আওতাভুক্ত রয়েছেন সেখানে সাহায্যের জন্য যোগাযোগ করুন।

OIM
UN MIGRATION

পেরমেসসো দি সজ্ঞীওরন

- **আমার পেরমেসসো দি সজ্ঞীওরনের মেয়াদ আগামী কয়েক দিনের মধ্যে শেষ হয়ে যাবে, এখন আমার কি করা উচিত?** ৩১শে জানুয়ারী ২০২০ থেকে ১৫ এপ্রিল ২০২০ইং এর মধ্যে যে সকল পেরমেসসো দি সজ্ঞীওরন এর মেয়াদ শেষ হয়ে যাবে, সে সমস্ত পেরমেসসো দি সজ্ঞীওরন ২০২০ সালের ১৫ জুন পর্যন্ত বৈধ থাকবে। ইতালিয়ান কর্তৃপক্ষের জারিকৃত সমস্ত পরিচয় পত্রের (ID card) মেয়াদ শেষ হয়ে গিয়েছে বা শেষ হবে, সে সমস্ত ডকুমেন্টের মেয়াদ ৩১ আগষ্ট ২০২০ তারিখ পর্যন্ত বাড়ানো হয়েছে।

- **আমি কি আশ্রয়ের (পলিটিক্যাল এসাইলাম) জন্য আবেদন করতে পারি?** হ্যাঁ, যদিও ইমেগ্রেশন অফিস গুলির (Questura) সমস্ত কাউন্টার গুলি করোনা ভাইরাসের কারণে অস্থায়ীভাবে জনসাধারনের জন্য বন্ধ থাকলেও আপনি পলিটিক্যাল এসাইলামে আবেদনের ইচ্ছা প্রকাশের জন্য ইমেগ্রেশন অফিসে যেতে পারেন।

ঘর

- **আমার আর CAS/SIPROIMI ক্যাম্প এ থাকার অধিকার নেই, আমি কি অন্য শহরে পরিবার বা বন্ধুদের কাছে যেতে পারি?** অপ্রয়োজনীয় চলাচল প্রতিরোধের জন্য, এমনকি যতদিন পর্যন্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে নাই ততো দিন পর্যন্ত ক্যাম্পে থাকতে পারবেন। আপনি যদি ক্যাম্প থেকে চলে যান, তবে আপনাকে পুলিশ চেকিং এর জন্য থামানো হতে পারে এবং কোনো মিথ্যা কথা বা অজুহাত গ্রহণযোগ্য হবে না। যদি উপযুক্ত কারণ ছাড়া বের হন তাহলে আপনাকে ৪০০€ থেকে ৩.০০০€ পর্যন্ত জরিমানার দিতে পারে।

  এমনকি যারা ইন্টারন্যাশনাল প্রটেকশন স্বীকৃতি অর্জন করেছে তাদের জন্য এই মুহূর্তে SIPROIMI ক্যাম্পে স্থানান্তরও স্থগিত করা হয়েছে।

- **আমি যদি আর ভাড়া না দিতে পারি তবে তারা কি আমাকে বাড়ি থেকে উচ্ছেদ করতে পারবে?** ৩০ শে জুন পর্যন্ত কাউকে বাড়ি থেকে উচ্ছেদ করা যাবে না, কিছু ডিস্ট্রিক্ট এ ভাড়ার জন্য অর্থনৈতিক সাহায্য প্রস্তুত করা হয়েছে। বিস্তারিত তথ্য জানতে আপনার নির্দিষ্ট ডিস্ট্রিক্ট এর ওয়েব সাইটে ভিজিট করুন।

- **আমি গৃহহীন, আমার "Residenza" নেই, আমি কিভাবে সরকারি সহযোগীতা পেতে পারি?** আপনি স্থানীয় স্বেচ্ছাসেবী সংস্থার নিকট থেকে, ক্যান্টিন অথবা আপনার পরিচিত কোনো আশ্রমে ঠিকানা (Domicilio) নির্দেশ করতে পারেন। অথবা আপনি যে শহরে বসবাস করেন ওই শহরের পৌরসভায় একটি কল্পিত রাস্তায় (via fittizia) বসবাসের জন্য নিবন্ধিত হতে পারেন।

কাজ

- **করোনা ভাইরাসের কারণে আমাকে কি বরখাস্ত করা হতে পারে?** আপনি যদি কাজের জায়গায় অনিয়ম করেন তাহলে আপনাকে বরখাস্ত করা হতে পারে কিন্তু অর্থনৈতিক মন্দার কারণে আপনাকে বরখাস্ত করা হবে না, (Licenziamento per giustificato motivo oggettivo এবং গনহারে ১৬ই মে ২০২০ইং তারিখ পর্যন্ত বরখাস্ত করা যাবে না)।

- **যদি কর্মক্ষেত্রে সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত না হয় তবে কি আমি কাজ করতে অস্বীকার করতে পারি?** হ্যাঁ, যদি আপনার কাজের নিয়োগকর্তা যথাযথ দূরত্বের গ্যারান্টি না দেয় বা কমপক্ষে ১ মিটার ন্যূনতম দূরত্বের গ্যারান্টি না দিতে পারে এবং ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সরবরাহ না করে তাহলে আপনি কাজ করতে অস্বীকার করতে পারেন। ২০২০ সালের মার্চ মাসে যারা কাজ করেছে (স্মার্ট ওয়ার্কিং এর মাধ্যমে নয়) এবং ২০১৯ সালে তাদের মোট বার্ষিক আয় ৪০,০০০€ এর চেয়ে কম ছিল তারা ১০০€ বোনাস পাবেন।

- **এই সময়কালে আমি কি আমার সংরক্ষিত ছুটি ব্যয় করতে বাধ্য হতে পারি?** হ্যাঁ, যদি আপনি একজন সরকারী কর্মচারী হন এবং আপনার কাজ স্মার্ট ওয়ার্কিংয়ে পরিচালনা করা যায় না তাহলে আপনি আপনার সংরক্ষিত ছুটি ব্যয় করতে বাধ্য হবেন। আপনি যদি বেসরকারি খাতে কাজ করেন তাহলে যত দিন পর্যন্ত সরকারি কোনো সহযোগীতা পান নাই ততো দিন আপনার সংরক্ষিত ছুটি ব্যবহৃত করতে পারেন এবং তার জন্য আপনার মাসিক বেতন সম্পূর্ণ পাবেন।

- **আমার বাচ্চাদের স্কুল বন্ধ ওরা বাড়িতে আছে, আমাকে আমার কর্মস্থল থেকে ছুটি নিতে হবে ওদের দেখাশোনা করার জন্য, এখন আমি কি সরকারি ভাবে কোনো সহযোগীতা পেতে পারি?** যদি আপনার ১২ বছরের কম বয়সী বা প্রতিবন্ধী কোনো শিশু থাকে তবে আপনি ১৫ দিন ছুটির জন্য আবেদন করতে পারেন। অন্যথায় আপনি বেবি-সিটিংয়ের জন্য আর্থিক সহযোগীতার আবেদন করতে পারেন। আরো তথ্যের জন্য INPS ওয়েবসাইটে ভিজিট করুন: https://www.inps.it/NuovoportaleINPS/default.aspx?itemdir=53550&lang=IT



- **আমি ইতিমধ্যে স্ববেতনে ছুটি পাই (আইন নাম্বার ১০৪/১৯৯২), এই বিষয়ে কি কিছু পরিবর্তন হয়েছে?** মার্চ এবং এপ্রিল মাসে আপনি অতিরিক্ত ১২ দিনের স্ববেতনে ছুটি পাবেন (মোট ২৪ দিন)।

- **আমি একজন স্ব-কর্মসংস্থানকর্মী, আমার জন্য কি কোনো সরকারি সহযোগীতা আছে?** আপনি ৬০০€ সরকার থেকে পেতে পারেন যদি আপনার করোনা ভাইরাসের জন্য আর্থিক ক্ষতি হয়ে থাকে। আরো তথ্যের জন্য INPS ওয়েবসাইটে ভিজিট করুন: https://www.inps.it/nuovoportaleinps/default.aspx?itemdir=53544

- **বেকারত্ব ভাতা সম্পর্কে কি কোনো পরিবর্তন হয়েছে?** আবেদনের জন্য প্রয়োজনীয় কোনো কিছুর পরিবর্তন করা হয়নি, আবেদন জমা দেওয়ার জন্য নতুন কোনো শর্ত দেওয়া হয় নাই এবং আবেদনের সময় বাড়ানো হয়েছে। ১ই জানুয়ারী ২০২০ইং থেকে ৩১শে ডিসেম্বর ২০২০ইং তারিখ এর মধ্যে কারো যদি অনৈচ্ছিক ভাবে তার কাজ চলে যায় তাহলে আপনার বেকারত্বের ভাতার আবেদনের জন্য ১২৮ দিন সময় পাবেন (NASpI e DIS-COLL)। ২০১৯ সালের কৃষি বেকারত্বের ভাতার আবেদন ১ জুন ২০২০ইং তারিখ পর্যন্ত সময় বাড়ানো হয়েছে (আগে শেষ সময়সীমা ছিল ৩১ মার্চ)।

ভাউচার (BUONI SPESA)

- **নিত্যপ্রয়োজনীয় জিনিস কেনার মতো এত টাকা আমার কাছে নেই, কে আমাকে সাহায্য করতে পারে?** আপনারা স্থানীয় পৌরসভার নিকট থেকে নিত্যপ্রয়োজনীয় জিনিস কেনার জন্য একটি ভাউচার পেতে পারেন। ভাউচার পাওয়ার জন্য কি কি প্রয়োজন অথবা কিভাবে আবেদন করতে হবে, এই সকল তথ্যের জন্য আপনার পৌরসভার ওয়েব সাইট টি ভিজিট করতে হবে। আপনি বর্তমানে যেখানে বাস করছেন সেখানে যদি আপনার Residenza থাকে না তাহলে আপনি Caritas এর নিকটে সাহায্য পেতে পারেন।

ব্যবসায়ীদের জন্য সহযোগিতা

- **করোনা ভাইরাসের কারণে আমাকে আমার ব্যবসা বন্ধ বা হ্রাস করতে বাধ্য করা হয়েছে, এখন আমি কীভাবে আমার কর্মীদের রক্ষা করতে পারি?** আপনি কাস্‌সা ইন্টেগ্রাছিওনের (cassa integrazione) জন্য আবেদন করতে পারেন যত দিন শ্রমিকদের কাজ বন্ধ থাকবে (https://www.inps.it/nuovoportaleinps/default.aspx?itemdir=50278)।

  বিভিন্ন ধরনের ট্যাক্স এবং কিস্তি প্রদান স্থগিত করা হয়েছে, নতুন লোন গ্রহণের fondo di garanzia বাড়ানো হয়েছে এবং লোন পাওয়ার গ্যারান্টি ফি হ্রাস করা হয়েছে। এই বিষয়ে আরো তথ্যের জন্য আপনার কোন অ্যাকাউন্টেন্ট এর পরামর্শ নিন।